দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা।
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৬শে আষাঢ় বুধবার, ১৩৭৫ ইং 10th July 1964 | ৯ম সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
[illegible] ● [illegible]
[illegible]
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ প্রাইভেট লি.
[illegible]

**এই তো খেলার দিন—**
ফুটবল, বুট, এ্যাংক্লেট, হোস্
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



# জঙ্গিপুর সংবাদ

২৬শে আষাঢ় বুধবার সন ১৩৭৫ সাল।

## ॥ সেই ভাল, সেই ভাল ॥

গত ২৯শে জুন হইতে বিহারে রাষ্ট্রপতির শাসন প্রবর্তিত হইয়াছে। ১৯৬৭ এর চতুর্থ সাধারণ নির্বাচনের পর হইতে আজ পর্যন্ত বেশ কয়েকটি রাজ্যে মন্ত্রিত্বসংকট দেখা দেয়, আর তাহারই অবশ্যম্ভাবী পরিণাম হিসাবে সেই রাজ্যগুলিতে রাষ্ট্রপতির শাসন চালু হয়। পশ্চিমবঙ্গে মন্ত্রিত্ব-বিপর্যয়ের পর হইতে বিহারে সংবিধানসম্মতভাবে শাসনকার্য চালানর পথে বহু অন্তরায় দেখা দিয়াছিল। সুতরাং তথাকার রাজ্যপালের রিপোর্টের ভিত্তিতে কেন্দ্রীয় মন্ত্রিসভা এই পথ গ্রহণ করিতে বাধ্য হইয়াছেন।

অবশ্য বিহারে যাহাতে রাষ্ট্রপতির শাসন জারী করা না হয়, বিহারের নেতৃবৃন্দের সে চেষ্টাও হইয়াছিল। তাঁহাদের আশা ছিল, বিহার বিধান-সভাকে বাতিল হইতে না দিয়া আরও কিছু সময় লইয়া দলীয় সংখ্যাগরিষ্ঠতা সম্পন্ন করিয়া শাসনকার্য চলুক। অর্থাৎ দলভাঙ্গা সদস্যদের সহিত আলাপ-আলোচনা চালাইয়া আবার দলে আনার ব্যবস্থা করা হোক। এই ধারণা বা আশা পোষণ করার একটি পটভূমিকা রহিয়াছে। রাজনীতির গন্ধ যাঁহাদের গায়ে লাগিতেছে, তাঁহারা অনেকেই আজকাল দলবদলের রোগে ভুগিতেছেন। একটা না একটা 'ছুতা' ধরিয়া একদল ত্যাগ করিয়া অপর দলে নাম লিখাইয়া আপন আপন অভীষ্ট সিদ্ধির পথ খুঁজিতে চেষ্টা করেন। ইঁহাদের 'মওকাপন্থী অথবা সুবিধাবাদী যাহাই আখ্যা দেওয়া হোক না কেন, বেমানান হইবে না।

অতঃপর নূতন অধ্যায় শুরু হইতেছে উত্তর প্রদেশে, পশ্চিমবঙ্গে ও বিহারে। এই তিনটি রাজ্যে মধ্যবর্তী নির্বাচন অনুষ্ঠিত হইবে। ১৯৬৭ এর সাধারণ নির্বাচনে পৃথিবীর বৃহত্তম গণতন্ত্রে বিপুল অর্থ ব্যয়িত হইয়াছে। তাহার উপর মধ্যবর্তী নির্বাচনে উল্লেখিত রাজ্যগুলিতে ঢালিয়া সাজিতে হইবে। অর্থের আর কিছুটা শ্রাদ্ধ হইবে। এই দরিদ্র দেশে নির্বাচন শ্বেতহস্তী ছাড়া আর কি? গণতান্ত্রিক দেশ, তাই জনগণের সরকার। অতএব জনগণের মর্যাদা এখানে স্বীকৃত।

পশ্চিমবঙ্গে মধ্যবর্তী নির্বাচনের 'হাতুটি' চলিতেছে। যুক্তফ্রন্টের শরিকেরা আসনের ভাগা-ভাগি লইয়া মাতিয়া উঠিয়াছিল। একেত তাহারা আপন আপন নীতির ও প্রাধান্য স্থাপনের সংঘাতে লিপ্ত ছিল; আসন বণ্টনের অসন্তোষবহ্নি নির্বাপিত হইয়াছে, এ কথা বলা যায় না। হয়ত বা পাশার দান পড়ার অপেক্ষায় আছে; আবার খেয়োখেয়ি শুরু করিবে। কংগ্রেস দল বিভিন্ন কেন্দ্রে মনোনয়ন দিয়াছেন। আসর গরম হইতে বর্ষার অপেক্ষামাত্র।

নকশালপন্থী বাম কমিউনিষ্ট নির্বাচন বয়কট করার জিগির তুলিয়াছেন। তাহারা চান বিপ্লবী শ্রেণী সংগ্রাম। মারকসবাদী কমিউনিষ্ট ইহার বিরোধী। সারা দেশ জুড়িয়া একটি বিরাট রাজনৈতিক অস্থিরতা ঘুরিয়া বেড়াইতেছে। আর সাধারণ মানুষ দাবার বোড়ের মত এক এক রাজ-নীতির আবর্তে পড়িয়া মার খাইতেছে। বাঘারা রাজা-মন্ত্রীর পথ ধরিতেছে। কিস্তি সামলাইবার ব্যস্ততা সেখানে অথবা ঘর গুছাইবার।

আমাদের এই রাষ্ট্রের সংবিধানে রাষ্ট্রপতিকে যদি এমন ক্ষমতা দেওয়া থাকিত যে, তিনি যতদিন ইচ্ছা ততদিনই কোন রাজ্যে বা সমগ্র রাষ্ট্রে তাঁহার শাসন বলবৎ রাখিতে পরিবেন, তাহা হইলে বুঝিতাম যে, মানুষ হাঁফ ছাড়িয়া সুস্থমনে অন্ততঃ একচক্রপিষ্ট হইবার স্বস্তি লাভ করিত। তাহাতে আর যাহাই হউক, মন্ত্রী মহোদয়দের অনাস্থা লাভের সংশয় এবং জনগণের গণতান্ত্রিক দল, লোকদল, ক্রান্তিদল প্রভৃতি দলচক্র আয়োজিত গণতন্ত্রের সপিণ্ডীকরণ সম্ভাবনা থাকিত না। এই হিসাবে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল কর্তৃক অনেক জঘন্য ব্যাপারে প্রতিকার হইয়াছে। নির্বাচনের পর ক্ষমতাসীন দল তাহার তথাকথিত নীতি অব্যাহত রাখিবে। সুতরাং 'সেই ভাল, সেই ভাল'।

## বাড়ালা রামদাস সেন বহুমুখী বিদ্যালয়

উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল—১৯৬৮

| | | |
|---|---|---|
| কলা বিভাগ— | | মোট পরীক্ষার্থী ৩২ জন |
| | পাশ করেছে | ২য় বিভাগে ২ জন |
| | | ৩য় বিভাগে ১৫ জন |
| | কম্পার্টমেণ্টাল পেয়েছে | ৬ জন |
| বিজ্ঞান বিভাগ— | | মোট পরীক্ষার্থী ১৩ জন |
| | পাশ করেছে | ১ম বিভাগে ২ জন |
| ১ জন কেমিষ্ট্রীতে লেটার পেয়েছে | | |
| | | ২য় বিভাগে ৬ জন |
| | | ৩য় বিভাগে ৩ জন |
| | কম্পার্টমেণ্টাল পেয়েছে | ২ জন |
| বাণিজ্য বিভাগ— | | মোট পরীক্ষার্থী ৩ জন |
| | পাশ করেছে | ৩য় বিভাগে ৩ জন |

## মিলনী

গত ৯ই জুলাই রঘুনাথগঞ্জ রবীন্দ্র ভবন মঞ্চে 'মিলনী' সংস্থা কর্তৃক শ্রীবিশ্বেশ্বর লালার পরিচালনায় শ্রীজ্যোতু বন্দ্যোপাধ্যায়ের 'বায়েন' নাটকটি মঞ্চস্থ হয়।

চরিত্র চিত্রণে—দীপিকা সরকারের (শিউলী) শান্তি দেবীর (সৌরভী) কুবের ঘোষের (সুবল) বিনয় মিত্রের (পাঁচু) সুকুমার সিংহের (বেন্দা) ও বিশ্বেশ্বর লালার (পাল বাবু) অভিনয় অনবদ্য। অন্যান্য চরিত্রে রাধাশ্যাম ব্যানার্জী, সঞ্জীব ব্যানার্জী, নান্টু লালা, অচ্যুত ভট্ট, লক্ষ্মীজনার্দ্দন দে ও মানস রায়ের যথাযথ অভিনয় দর্শকগণের মন জয় করে।

জঙ্গিপুরে নাট্য প্রয়াস পথে 'মিলনী'র এ নতুন স্বাদের নাটক 'বায়েন' একটি বলিষ্ঠ পদক্ষেপ।

১৪নং ওয়ার্ডে আসন্ন নির্ব্বাচনে
তরুণ সমাজসেবী
শ্রীজয়গোপাল দত্তকে



মার্কা

প্রতীকে ভোট দিয়া
জয়যুক্ত করুন

## দাদাঠাকুর স্মরণে

সবার দাদা, সবার ঠাকুর, আমার ঠাকুর-দাদা,
জন্ম-মৃত্যু, তোমার দাদু! এক সুরেতেই বাঁধা।
বাংলা মায়ের ধন্যি ছেলে দেশজোড়া নাম তার।
সবার আগে তোমায় আমি করবো নমস্কার।

শরৎ-কালের আনন্দ যে সদাই মনের মাঝে।
তাইতো হাসো ফুলের হাসি সুখ দুঃখের কাজে।
কথায় কথায় দেখাও যাদু এমনি যাদুকর!
যাদুর মোহে আপন হল রইল না কেউ পর।

চটি-জুতা নাইকো পায়ে, নাইকো জামা গায়ে;
জঙ্গিপুরের যোগ্যি ছেলে, বন্দে বাংলা মায়ে।
স্বয়ং সুভাষ বসু তোমায় দিলেন অনুমতি;
রবির কিরণ হার মানালো, তোমার লেখার জ্যোতি।

বিদূষকের মিষ্টি কথা সবার ভাল লাগে,
তোমার লেখা 'পড়ে বহু তরুণ হৃদয় জাগে।
অমর তুমি সবার কাছে, অমর তোমার নাম।
তোমার তীব্র আলোক-প্রভা রাঙায় স্বর্গধাম।

শ্রীসিদ্ধার্থ রায় চৌধুরী ( বুবুলাল )
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

## দাও চরণের আলো

শ্রীশিবনারায়ণ বন্দ্যোপাধ্যায়

কোথা আমি যাব চলে জীবনের শেষে,
জানি না কোথা সে পথ যাব কোন্ দেশে।
পথ নাহি শেষ হয় বেলা বয়ে যায়,
সেথায় আছে কি কেহ মোর প্রতীক্ষায়।
দাও মোরে দাও তব চরণের আলো,
দূর হয়ে যাক সব জীবনের কালো।
পাইব অপার শান্তি ধন্য এ জীবন,
শেষে যেন পাই আমি তোমার চরণ।
তুমি যে দয়ালু পিতা ওগো দয়াময়,
সন্তানে চরণে রাখি দাও গো আশ্রয়।
তোমা ছাড়া কেহ নাহি, নাহি কোন গতি,
মন যেন রহে পদে দাও গো সুমতি।

---

## চরম সৌন্দর্য্য প্রতিযোগিতা

# পশ্চিম বাঙলার মিস্-ফরচুন



সব রূপসীর চরম রূপ





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীনবীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪·০০ চারি টাকা, শহরে ৩·০০ তিন টাকা,
প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )